Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

21 February 2012

Bangladesh Embassy Washington DC observes Martyrs Day and Internation Mother Language Day

The 60th anniversary of 'Shaheed Dibash' and the International Mother Language Day was observed in a befitting manner at the Embassy of Bangladesh in Washington D.C today (February 21, 2012 Tuesday).

The day's programs began with the hoisting of the National Flag at half-mast on the Embassy premises. On the occasion, a discussion meeting followed by a cultural function was organized in the Bangabandhu Auditorium of Bangladesh Embassy.

Messages from Hon'ble President Mohammad Zillur Rahman, Hon'ble Prime Minister Sheikh Hasina and Hon'ble Foreign Minister Dr. Dipu Moni were read out.

Paying rich tribute to the language movement martyrs Ambassador and State Minister Akramul Qader, in his introductory remarks, said International Mother Language day has now become a day of celebration of the linguistic diversity around the world. In this context, he recalled the contribution of the Father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman in the historic language movement. Ambassador Qader also underlined the significance of the Language movement in the evolution of our National history culminating into the Independence of Bangladesh. An International Mother Language Institute in Dhaka has been established by the present Government aimed at preservation and research of all languages on the verge of extinction, Ambassador Qader said.

Remembering the highest contributions of the martyrs of Language Movement, the Ambassador urged all to work unitedly to establish an exploitation and poverty free non-communal Bangladesh. He emphasized the need for institutionalizing democracy on a solid foundation which was the dream of Bagabandhu Sheikh Mujibur Rahman to build a happy and prosperous 'Sonar Bangla'. He also called upon the audience to close their ranks, help the country by uniting their efforts and to uphold the image of the country in the spirit of the Language movement. Dr. Alyssa Ayres, Deputy Assistant Secretary, Bureau of South and Central Asian

Affairs, US Department of State and Mr. Peter Tase, a Research Fellow at the Council on Hemispheric Affairs spoke on the occasion. They spoke on the importance of the language movement and the present status of Bangla in the present day world.

The discussion was rounded off with colorful cultural event. Performers from Bangladesh, China, India, Sri Lanka and Paraguay participated in the cultural event. The enthralled audience including diplomats, representatives of social and cultural organizations and a large number of foreign guests applauded the cultural program.

After the event guests were entertained with traditional Bangladeshi foods.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

২১ ফেব্রুয়ারী ২০১২

বর্ণাঢ্য আয়োজনে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে একুশ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

যথাযথ ভাব গাম্ভীর্যের মধ্য দিয়ে আজ (২১ ফেব্রুয়ারী ২০১২ মঙ্গলবার) ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ৬০ তম মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়। দিনের শুরুতে দূতাবাস প্রাঙ্গনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মধ্য দিয়ে শহীদ দিবস পালনের সূচনা করা হয়। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্রমন্ত্রী প্রদত্ত বাণী পাঠ করা হয়।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের তাঁর স্বাগত ভাষণে ভাষা আন্দোলনে আত্মোৎস্বর্গকারী শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে মহান একুশের আদর্শে উদ্বুদ্ধ হয়ে একটি সুখী সমৃদ্ধ ও গর্বিত বাংলাদেশ গড়ে তোলার জন্য সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান।

রাষ্ট্রদূত আকরামুল কাদের তাঁর স্বাগত বক্তব্যে একুশের ভাষা শহীদদের সুমহান ত্যাগের কথা উল্লেখ করে বলেন যে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এখন বিশ্ব সম্প্রদায়ের জন্য ভাষা উৎসবে পরিণত হয়েছে। এ প্রসংগে তিনি ভাষা আন্দোলনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানের কথাও শ্রদ্ধাভরে স্মরণ করেন। রাষ্ট্রদূত কাদের বাংলাদেশের স্বাধীনতা অর্জনে বাংলা ভাষা আন্দোলনের পটভূমি ও তাৎপর্য ব্যাখ্যা করে বলেন ভাষা আন্দোলনের ফলশ্রুতিতেই আজকের স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পৃথিবীর মানচিত্রে প্রতিষ্ঠিত। তিনি উল্লেখ করেন , বিশ্বের সকল ভাষার ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণ এবং গবেষণার জন্য বর্তমান সরকার ঢাকায় একটি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেছেন। বাংলাদেশের রাষ্ট্রদূত আরো বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকারের গৃহিত বিভিন্ন পদক্ষেপ যথা- ক্ষুধা ও দারিদ্রমুক্ত এবং অসাম্প্রদায়িক গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তোলার আহ্বান জানান, যা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তোলার স্বপ্ন ছিল। তিনি আরও বলেন, গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার লক্ষ্যে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। আলোচনা শেষে আয়োজিত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশ, চীন, ভারত, প্যারাগুয়ে এবং শ্রীলংকার শিল্পীরা অংশ নেন। বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তাগণ ও তাঁদের পরিবারের সদস্যরাও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন।

আলোচনা সভায় আরো অংশগ্রহন করেন স্টেট ডিপার্টমেন্টের এ্যাসিস্টেন্ট সেক্রেটারী ফর সাউথ এন্ড সেন্ট্রাল এশিয়া এ্যাফেয়ার্স মিস এলিসা আয়ারস এবং হেমিসফেরিক এ্যাফেয়ার্স-এর রিসার্চ ফেলো মিঃ পিটার টাসে। তাঁরা মাতৃভাষা আন্দোলনের প্রতি গুরুত্ব দিয়ে বলেন, বাংলা ভাষাকে বর্তমান বিশ্বে মর্যাদার আসনে প্রতিষ্ঠা করেছে।

ওয়াশিংটনস্থ কূটনৈতিক মিশনের সদস্যবৃন্দ, সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রতিনিধি ও বিভিন্ন ভাষাভাষী বিপুল সংখ্যক বিদেশী অতিথি এবং প্রবাসী বাংলাদেশীরা দূতাবাস আয়োজিত এই বর্ণাঢ্য অনুষ্ঠানটি উপভোগ করেন। অনুষ্ঠানশেষে আমন্ত্রিত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবারে আপ্যায়িত করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com